

মেহেরপুরের গাংনীতে এক প্রধান শিক্ষকের বিরুদ্ধে পঞ্চম শ্রেণির কয়েকজন ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। তাঁর নাম হাফিজুর রহমান বকুল। এ ঘটনায় বেশ কয়েকজন ছাত্রী স্কুল বদল করেছে এবং কেউ কেউ স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে।

তবে প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুল অভিযোগ অস্বীকার করে কালের কণ্ঠকে বলেন, ‘আমি একটি পক্ষের ষড়যন্ত্রের শিকার। এর বেশি কিছু বলার নাই।’

সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা (এটিইও) ফয়সাল বিন হাসান জানান, উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে পঞ্চম শ্রেণির তিনজন ছাত্রী মৌখিকভাবে প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুলের বিরুদ্ধে অভিযোগ করে। এর পরিপ্রেক্ষিতে মঙ্গলবার ইউএনওর নির্দেশে স্কুলে গিয়ে অভিযোগকারী এক ছাত্রীর সঙ্গে কথা বলে অভিযোগের সত্যতা পেয়েছি। তবে প্রধান শিক্ষক দোষী কি না তা ভালোভাবে তদন্ত করার পর জানা যাবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com